

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

সরকারি যানবাহন অধিদপ্তর

সচিবালয় লিংক রোড, ঢাকা

[www.dgt.gov.bd](http://www.dgt.gov.bd)

স্মারক নং-০৫.০৩.০০০০.০০৮.২৯.১১৫৮.১৯-৬২৭

তারিখ: ৩০/১২/২০১৯

বিষয়ঃ জাতীয় শুক্রাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নেতৃত্বকৃত কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি যানবাহন অধিদপ্তরে জাতীয় শুক্রাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নেতৃত্বকৃত কমিটির সভার কার্যবিবরণীর ক্রমিক নং-৬ এ উল্লিখিত সিদ্ধান্তসমূহের আলোকে সরকারি যানবাহন অধিদপ্তর কর্তৃক গৃহীত অগ্রগতি নিয়ন্ত্রণ:

| ক্রমিক<br>নং | সিদ্ধান্ত  | অগ্রগতি   |
|--------------|--|---|
| ক.           | সরকারি যানবাহন অধিদপ্তরে শুক্রাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | (ক) সরকারি যানবাহন অধিদপ্তরে শুক্রাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(খ) ২৭/০৮/২০১৯ তারিখ ১ম কোয়ার্টার এবং ১১/১২/২০১৯ তারিখ ২য় কোয়ার্টারের সভা সম্পন্ন করা হয়েছে।<br>(গ) শুক্রাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ২.১ অনুযায়ী প্রথম কোয়ার্টারে ২৮/০৮/১৯ তারিখ ১০ জন উপজেলা নির্বাহী অফিসারের অংশগ্রহণে অংশীজনের সভা অনুষ্ঠিত হয়েছে।<br>সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>(ঘ) শুক্রাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ২.৪ অনুযায়ী এ অধিদপ্তরের ৫০ জন কর্মকর্তা কর্মচারীকে শুক্রাচার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(ঙ) শুক্রাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ৯.২ অনুযায়ী ভাল কাজের ভিত্তিতে মাসিক সেরা কর্মচারী পুরস্কার জুলাই-সেপ্টেম্বর/১৯ (১ম কোয়ার্টার) এবং অক্টোবর-ডিসেম্বর/১৯ (২য় কোয়ার্টার) প্রদান করা হয়েছে।<br>(চ) গত ২৪/০৯/১৯ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত উন্নত চর্চার তালিকার ৩নং ক্রম অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতাকে উৎসাহিত করার নিমিত্ত ত্রৈমাসিক সেরা পরিচ্ছন্ন কর্মীকে প্রগোদনা স্বরূপ প্রাইজবন্ড, ক্রেন্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়েছে। |
| খ.           | ই-ফাইলিং ও ই-জিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে।   | (ক) সরকারি যানবাহন অধিদপ্তরে জেলা উপজেলা থেকে টায়ার ক্রয়ের অর্থ বরাদ্দ, শ্রমিক মজুরী মঞ্জুরী, জিপিএফ ও বিভিন্ন খাতের ব্যয়িত অর্থের হিসাব বিবরণী প্রেরণ। বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার পত্র, চাকুরী স্থায়ীকরণ, গাড়ির যন্ত্রাংশ সরবরাহের ও স্পীডবোট মেরামতের আবেদনের সকল পত্রের আদান প্রদান ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন হয়। ৫০% নথির কার্যক্রম ই-ফাইলে সম্পাদিত হয়।<br>(খ) ইলেক্ট্রনিক গভর্নেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) পোর্টালে অন্তর্ভুক্ত করা হয়েছে। ই-জিপিতে কার্যক্রম সম্পাদনের জন্য এ অধিদপ্তরের স্মারক নং-০৫.০৩.০০০০.০০৩.১৮.০৮২.১৯-৬১১৯, তারিখ: ২৯/১২/২০১৯ এর মাধ্যমে ০৩(তিনি) জন কর্মকর্তা/কর্মচারীকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য অনুরোধ জানিয়ে সিপিটিইউ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।  |

চলমান পাতা-০২

|    |  |  |  |
|----|--|--|--|
| গ. | অংশীজনের সাথে আলোচনা করে ও তাদের চাহিদার সাথে সমন্বয় করে ২য় প্রজন্মের সিটিজেন চার্টার প্রণয়ন এবং নিয়মিত হালনাগাদ করতে হবে। |  | (ক) সরকারি যানবাহন অধিদপ্তরে শুক্রাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ১১/১২/১৯ তারিখে অনুষ্ঠিত ২য় প্রাপ্তিকের নেতৃত্বকাতা কমিটির সভার সিদ্ধান্তের আলোকে সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন চার্টার ২য় প্রজন্মের) হালনাগাদককরণের নিমিত্ত পরিচালক(নৌ)কে আহবায়ক করে উপসচিব জনাব নার্গিস পারভীনকে সদস্য-সচিব করে ৬ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। সে অনুযায়ী কার্যক্রম চলমান।  |
| ঘ. | পুরাতন ও অকেজো গাড়ি দুটি বিক্রয়/অপসারণের ব্যবস্থা করতে হবে।  |  | (ক) সরকারি যানবাহন অধিদপ্তরের ৬৯টি অকেজো ঘোষিত গাড়ির মধ্যে ২০১৮-১৯ অর্থ বছরে ৪২টি গাড়ি বিক্রি হয়। অবশিষ্ট (৬৯-৪২)=২৭টি গাড়ির মধ্যে ২০১৯-২০ অর্থ বছরে ০৭টি গাড়ি বিক্রি হয়েছে। বাকি (২৭-৭)=২০টি গাড়ি বিক্রির কার্যক্রম চলমান রয়েছে।<br>(খ) সরকারি যানবাহন অধিদপ্তরের ২৬টি গাড়ি অকেজো ঘোষণার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিআরটিএ এর প্রতিবেদন পাওয়ার পর অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট উপস্থাপন করা হবে।<br>(গ) বিভিন্ন জেলার ৫৫টি অকেজো ঘোষিত গাড়ি বিক্রির জন্য ২৭/১২/২০১৯ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান। |

২। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত: ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত।

সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (শৃঙ্খলা-১) ও  
সদস্য সচিব, নেতৃত্বকাতা কমিটি।)



৬০.১২.২০১৯

(মোঃ মিজানুর রহমান)  
পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব)  
সরকারি যানবাহন অধিদপ্তর  
ফোন: ৯৫৬৩৪২১।